



যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
 তারিখ : ০৩/০১/২০২৪ খ্রিঃ
 সময় : ১০:০০ ঘটিকা
 স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর কার্যালয় সরিষাবাড়ী, জামালপুর।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যদের নাম পদবী ও স্বাক্ষর

ক্র:নং	উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
৩১.	আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সভাপতি	
৩২.	মোঃ আশরাফুল ইসলাম মানিক চেয়ারম্যান, পোগলদিঘা ইউ.পি. সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
৩৩.	মোঃ আবু তাহের চেয়ারম্যান, সাতপোয়া ইউ,পি সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
৩৪.	মোঃ আব্দুর রাজ্জাক স্বপন চেয়ারম্যান, ডোয়াইল ইউ.পি. সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
৩৫.	মোঃ মাহবুবুর রহমান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য সচিব	

শুরুরতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অতঃপর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	প্রশিক্ষণঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে আত্মকর্মসংস্থান কর্মসূচি রাজস্ব খাতে ০৭ দিন মেয়াদি অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। প্রতি ব্যাচে ৩০ জন করে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে। ডিসেম্বর/২৩ পর্যন্ত ৪ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।	সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
১৭৪৮৮৭২		যুব ঋণ বিতরণ ও খেলাপিঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৫,৫০,০০০/= (পঞ্চাশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। আত্মকর্মসংস্থান কর্মসূচির খেলাপির পরিমাণ ১৭,৪৮,৮৭২/= (সতের লক্ষ আট চল্লিশ হাজার আট শত বাহাত্তর) টাকা এবং পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচির খেলাপির পরিমাণ ৬৬,২১,৫৮৭/- (ছয় ষট্টি লক্ষ একুশ হাজার পাঁচশত সাতাশ) টাকা।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা এবং খেলাপি আদায়ে প্রশাসনের সহযোগিতা নিতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
		যুব সংগঠন নিবন্ধন ও যুব কল্যাণ অনুদানঃ স্বেচ্ছাসেবী ক্লাব/ যুব সংগঠনকে নিবন্ধন দিয়ে দেশপ্রেম ও জাতীয় গঠনমূলক কার্যক্রমে সম্পৃক্ত হতে সহায়তা প্রদান করা হয় এবং যুব কল্যাণ তহবিল হতে স্বেচ্ছাসেবী ক্লাব/ যুব সংগঠনকে অনুদান প্রদান করা হয়।	যুব সংগঠন নিবন্ধন ও যুব কল্যাণ তহবিলের অনুদান প্রদানের কার্যক্রম যথাযথভাবে করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল কালাম আজাদ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা পরিষদ স্থায়ী কমিটি

সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নংঃ ইউঅ/সরিষা/স্থায়ীকমিটি/রেজুলেশন/১৪৯/২০-১৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৪। অফিস কপি।

তারিখ: ০৩/০১/২০২৪ খ্রিঃ



(শোঃ মাহবুবুর রহমান)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব

যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

সরিষাবাড়ী, জামালপুর।